

**AKASHVANI (Kolkata
Regional News Unit**

Date: 11-11-2025

Time : 1-30 PM

DEO : KB

Desk in Charge : Kalyan Laha

Editing & Compiling : Prajesh B.

NRT : Anidita B.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ নতুন দিল্লির লালকেল্লার সামনে গত সন্ধ্যায় গাড়ি বোমা বিস্ফোরণের পর পরিস্থিতি পর্যালোচনায় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ কর্তব্য ভবনে এক উচ্চ পর্যায়ের বৈঠক করেছেন।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভুটানের রাজধানী থিম্পু-তে বলেছেন, দিল্লির ভয়াবহ বিস্ফোরণের সঙ্গে জড়িত কাউকে রেহাই দেওয়া হবে না।

৩/ ভারত, সন্ত্রাসবাদীদের অর্থ প্রদানকারীদের বিরুদ্ধে 'জিরো টলারেন্স নীতি' নেওয়ার জন্য রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের কাছে আহ্বান জানিয়েছে।

৪/ বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা শেষ পর্যায়ে, ২০ টি জেলার ১২২ টি আসনে বেলা ১১টা পর্যন্ত ৩১ দশমিক ৩/৮ শতাংশ ভোট পড়েছে।

৫/ ইরাকে নতুন আইনসভা নির্বাচনের জন্য আজ ভোট গ্রহণ চলছে।

নতুন দিল্লির লালকেল্লার সামনে গত সন্ধ্যায় গাড়ি বোমা বিস্ফোরণের পর পরিস্থিতি পর্যালোচনায় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ কর্তব্য ভবনে এক উচ্চ পর্যায়ের বৈঠকে বসেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব, ইনটেলিজেন্স ব্যুরোর অধিকর্তা, দিল্লীর পুলিশ কমিশনার এবং এনআইএ-র মহানির্দেশক উপস্থিত ছিলেন। জম্মু কাশ্মীরের পুলিশের মহানির্দেশক ভার্চুয়ালি এই বৈঠকে যোগ দেন।

গত সন্ধ্যায় বিস্ফোরণের পর সমস্ত গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর স্থানে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। জনসাধারণের নিরাপত্তা নিশ্চিত করা এবং স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনার লক্ষ্যে তদন্তের কাজ শুরু হয়েছে। আগেই জানানো হয়েছে, গত সন্ধ্যায় দিল্লীর লালকেল্লার কাছে এক গাড়িতে বিস্ফোরণের ঘটনায় ৮ জন নিহত এবং বেশ কয়েকজন আহত হন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন, ইতোমধ্যেই দিল্লী পুলিশ, এনআইএ, এনএসজি এবং ফরেনসিক দল এই ঘটনার তদন্ত শুরু করেছে। খুব শীঘ্রই এই বিষয়ে আরও বিস্তারিত তথ্য জানা যাবে। দিল্লী পুলিশের কমিশনার সতীশ গোলচা জানিয়েছেন, লালকেল্লা মেট্রো স্টেশনের কাছে রাস্তার ওপর ট্রাফিক সিগনালে আটকে থাকা একটি গাড়ি চলতে শুরু করলে এই বিস্ফোরণ ঘটে বলে মনে করা হচ্ছে। দিল্লী পুলিশ ভারতীয় ন্যায় সংহিতা, ইউএপিএ এবং বিস্ফোরক আইন অনুসারে একটি মামলা দায়ের করেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিস্ফোরণের পর স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে কথা বলেন এবং পরিস্থিতির বিষয়ে অবহিত হন। স্বরাষ্ট্র মন্ত্রী ঘটনাস্থল পরিদর্শন শেষে তিনি আহতদের দেখতে হাসপাতালে যান। পরিস্থিতি বিষয়ে খোঁজ খবর নিতে নাগরিকদের জন্য দিল্লী পুলিশের পক্ষ থেকে একটি কন্ট্রোল রুম চালু করা হয়েছে। এর নম্বর ০১১-২২৯১-০০১০, ০১১-২২৯১-০০১১। এলএমজেপি হাসপাতাল থেকে ০১১-২৩২৩৩-৪০০ নম্বরে ডায়াল করে আহতদের বিষয়ে খোঁজ খবর নেওয়া যাবে।

এছাড়াও এইমস-এর ট্রমা সেন্টারে ০১১-২৬৫৯-৪৪০৫-এ ডায়াল করেও আহতদের বিষয়ে খবর জানা যাবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন দিল্লির ভয়াবহ বোমা বিস্ফোরণের ঘটনায় চক্রান্তকারীদের কাউকে রেহাই দেওয়া হবে না। আজ ভুটানের রাজধানী থিম্পুতে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, তিনি সারারাত ধরে এই ঘটনার তদন্তকারীদের সঙ্গে যোগাযোগ রেখে চলেছেন। তিনি বলেন, তদন্তকারী সংস্থাগুলি এই চক্রান্তের সমস্তও তথ্য খুঁজে বের করবে। তিনি বলেন, আজ তিনি অত্যন্ত ভারাক্রান্ত হৃদয়ে ভুটানে এসেছেন এবং দিল্লির ঘটনা সকলকে গভীরভাবে ব্যথিত করেছে। শ্রী মোদী বলেন, তিনি ক্ষতিগ্রস্ত পরিবারের বেদনা অনুভব করেন এবং সমগ্র জাতি তাদের পাশে আছে।

(বাইট- MODI শোক)

প্রধানমন্ত্রী বলেন, আজকের দিনটি ভুটানের জন্য, ভুটানের রাজপরিবারের জন্য এবং বিশ্ব শান্তিতে বিশ্বাসী সকল মানুষের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন, বহু শতাব্দী ধরে ভারত ও ভুটানের মধ্যে সম্পর্ক অত্যন্ত গভীর ও সৌহার্দ্যপূর্ণ। এই অনুষ্ঠানে অংশগ্রহণ করা ভারত ও ব্যক্তিগতভাবে তাঁর জন্যও বিশেষ ভাবে তাৎপর্যপূর্ণ। এর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভুটানের রাজা Jigme Singye Wangchuck-এর ৭০ তম জন্মবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে অংশ নিতে সে দেশে পৌঁছলে পারো বিমানবন্দরে তাঁকে ভুটানের প্রধানমন্ত্রী শেরিং টোবগে অভ্যর্থনা জানান। আজ, রাজার জন্মবার্ষিকী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী সম্মানীয় অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। তাঁর সফরকালে শ্রী মোদী পুনাত সাংছু-তে দ্বিতীয় জল বিদ্যুৎ প্রকল্পেরও উদ্বোধন করবেন। রাজার জন্মদিন উপলক্ষে আগামিকাল থেকে ৩ দিন ভুটানে জাতীয় ছুটি ঘোষণা করা হয়েছে। একই সঙ্গে আজ ছাংলিমিথাঙ্গয়ে বিশ্ব শান্তির জন্য একটি প্রারতনা উৎসবের আয়োজন করা হয়েছে। এই উৎসবেও প্রধানমন্ত্রী মোদী যোগ দেবেন। তিনি তাশিছোডজং-এ ভগবান বুদ্ধের পবিত্র দেহাবশেষে শ্রদ্ধা নিবেদন করবেন।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, আজ দেশবাসীকে আশ্বস্ত করেছেন যে, দিল্লির গাড়ি বোমা বিস্ফোরণের জন্য দায়ীদের খুঁজে বের করে বিচার করা হবে। কোনো

পরিস্থিতিতেই তাদের ছাড়া হবেনা বলে, আজ নতুন দিল্লিতে ‘দিল্লি ডিফেন্স ডায়লগে’ ভাষণ দিতে গিয়ে তিনি একথা বলেন। শ্রী সিং বলেন, দেশের প্রধান তদন্তকারী সংস্থাগুলি, এই ঘটনার দ্রুত তদন্ত শুরু করেছে। ফলাফল খুব শীঘ্রই প্রকাশ্যে জানানো হবে। তিনি এই ঘটনায় নিহতদের পরিবারের প্রতি শোক ও সমবেদনা জানান।

(বাইট- রাজনাথ)

ভারত রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদকে সন্ত্রাসবাদীদের ব্যবহৃত অস্ত্রশস্ত্র কেনার জন্য অর্থ প্রদানকারীদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নেওয়ার জন্য আহ্বান জানিয়েছে। রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত পি হরিশ অস্ত্র শস্ত্র বিষয়ে রাষ্ট্রসংঘের বিতর্ক সভায় এই আহ্বান জানিয়ে বলেন, ভারত দশকের পর দশক ধরে সীমান্ত পারের সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই চালিয়ে আসছে। তিনি বলেন এই সন্ত্রাসমূলক তৎপরতার পিছনে রয়েছে বে আইনি অস্ত্র চালান। পাকিস্তানের নাম না করে ভারতের রাষ্ট্রদূত বলেন, এই ধরনের আধুনিক বে আইনি অস্ত্র শস্ত্র সন্ত্রাসবাদী গোষ্ঠীগুলির হাতে তুলে দিয়ে তারা বিশ্বব্যাপী সংকট তৈরি করছে।

(বাইট- পি হরিশ)

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর নিয়ে আগামীকাল (১২ই নভেম্বর) প্রচারিত হবে একটি বিশেষ আলোচনা। এতে অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত। অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে ৯-টা থেকে গীতাঞ্জলী প্রচার তরঙ্গে এবং ডিটিএইচ পরিষেবায়।

কঠোর নিরাপত্তার মধ্যে দিয়ে এগিয়ে চলা বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা শেষ পর্যায়ে, ২০ টি জেলার ১২২ টি আসনে বেলা ১১টা পর্যন্ত ৩১ দশমিক ৩/৮

শতাংশ ভোট পড়েছে। সব থেকে বেশী প্রায় ৩৫ শতাংশ ভোট পড়েছে কিষাণগঞ্জে। সন্ধ্যে ৬টা পর্যন্ত ভোট নেওয়া হবে। তবে, নিরাপত্তার কারণে এক হাজার ২০২ টি কেন্দ্রে বিকেল পাঁচটা পর্যন্ত ভোট নেওয়া হবে। এই দফায় ৩'কোটি ৭০ লক্ষের'ও বেশী ভোট দাতা, ১৩৬ জন মহিলা সহ এক হাজার ৩০২ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন।

উল্লেখ্য, বিহারে প্রথম পর্বের নির্বাচন চলতি মাসের ৬ তারিখে অনুষ্ঠিত হয়। এই পর্বে ৬৫ শতাংশ ভোটগ্রহণ রেকর্ড করা হয়েছে।

৭টি রাজ্যের আটটি বিধানসভা আসনের উপনির্বাচনও আজ ভোট নেওয়া হচ্ছে। এই আসনগুলি হল জম্মু ও কাশ্মীরের বাদগাম এবং নাগরোটা, রাজস্থানের আন্টা, ঝাড়খণ্ডের ঘাটসিলা, তেলেঙ্গানার জুবিলি হিলস, পাঞ্জাবের তরন তারান, মিজোরামের ডাম্পা এবং ওড়িশার নুয়াপাড়া। বিহার বিধানসভা নির্বাচনের সঙ্গেই ভোট গণনা করা হবে ১৪ নভেম্বর।

রাষ্ট্রপতি দ্রৌপদী মূমু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং দিল্লি বিস্ফোরণে মৃত ব্যক্তিদের প্রিয়জনদের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছেন। তারা আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। প্রধানমন্ত্রী জানিয়েছেন যে তিনি স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং সংশ্লিষ্ট অন্যান্যদের সঙ্গে পরিস্থিতি পর্যালোচনা করেছেন। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়ো, কংগ্রেস নেতা রাহুল গান্ধী, সি পি আই এমের সাধারণ সম্পাদক এম এ বেবি, সি পি আই এম এলের সাধারণ সম্পাদক দীপঙ্কর ভট্টাচার্য্য, দিল্লি বিস্ফোরণের তীব্র নিন্দা করে মৃত মানুষদের পরিবার পরিজনদের প্রতি সমবেদনা প্রকাশ করে আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন এবং ভয়াবহ এই বিস্ফোরণের ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের দাবী জানিয়েছেন।

দিল্লি বিস্ফোরণের প্রেক্ষিতে জম্মু কাশ্মীরের রিয়াসি জেলা প্রশাসন এবং পুলিশ কাটরায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে। এই কাটরা থেকেই শ্রী শ্রী মাতা বৈষ্ণৃ

দেবীর গুহা মন্দিরে তীর্থ যাত্রা শুরু হয়। এই কারণেই কাটরায় সারা দেশ থেকে বহু তীর্থ যাত্রী যাতায়াত করেন। আকাশবানীর জন্মু সংবাদদাতা জানাচ্ছেন, তীর্থ যাত্রী ও স্থানীয় বাসিন্দাদের নিরাপত্তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট এলাকায় কঠোর নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। তীর্থ যাত্রা পথের বিভিন্ন স্থানে নিরাপত্তা কর্মী মোতায়েন করা হয়েছে এবং নাকা তল্লাশি শুরু করা হয়েছে। এ ছাড়াও সিসিটিভির মাধ্যমে নজরদারি চালানো হচ্ছে। পুলিশ ও প্রশাসনের পক্ষও থেকে সাধারণ মানুষ ও তীর্থ যাত্রীদের পরিচয়পত্র সঙ্গে রাখার পরামর্শ দেওয়া হয়েছে। সন্দেহজনক কোন কিছু দেখা গেলে অবিলম্বে তা পুলিশকে জানানোর জন্য বলা হয়েছে।

দিল্লিতে বিস্ফোরণ-এর ঘটনার প্রেক্ষিতে, কলকাতা ও ইডেন গার্ডেনে ভারত- দক্ষিণ আফ্রিকা ক্রিকেট ম্যাচের জন্য কড়া নিরাপত্তার ব্যবস্থাক করা হয়েছে।

কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা বলেছেন, সারা শহর জুড়ে উচ্চ সতর্কতা জারি করা হয়েছে এবং বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইডেন গার্ডেনে ত্রিস্তরীয় নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। আগামী শুক্রবার সেখানে ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে প্রথম ক্রিকেট টেস্ট অনুষ্ঠিত হবে।

ইরাকে নতুন আইনসভা নির্বাচনের জন্য আজ ভোট গ্রহণ চলছে। এই নির্বাচনের মাধ্যমে ৩২৯ সদস্যের আইনসভা নির্বাচিত হবে। এর মধ্যে ৮৩ টি আসন, মহিলাদের জন্য সংরক্ষিত।

এই নির্বাচনে ইরাকের বিভিন্ন রাজনৈতিক দলের ৭'হাজার ৭৪৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। প্রাক্তন প্রধানমন্ত্রী নুর'ই-আল-মালিকির নেতৃত্বে প্রভাবশালী শিয়া জোটের সঙ্গে বর্তমান প্রধানমন্ত্রী মহম্মদ শিয়া আল সুদানি-র নেতৃত্বাধীন ক্ষমতাসীন জোটের মধ্যে জোড় লড়াই হবে বলে পর্যবেক্ষকরা মনে করছেন। এছাড়াও, সেদেশের আইন সভার অধ্যক্ষ মহম্মদ আল-আল বাউসি-র নেতৃত্বে সুন্নী গোষ্ঠীর বেশ কিছু প্রার্থী এবারের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে।

বলিউডের বিশিষ্ট চলচ্চিত্র অভিনেতা ধর্মেন্দ্রর শারীরিক অবস্থা সঙ্কটজনক হলেও স্থিতিশীল। বিভিন্ন সংবাদ মাধ্যমে তাঁর প্রয়াণের খবর প্রচারিত হলেও, পরিবারের পক্ষ থেকে জানানো হয়, বর্ষিয়ান এই অভিনেতা চিকিৎসায় সাড়া দিচ্ছেন। ভুল খবর প্রচারের জন্য আকাশবাণীও দুঃখিত।
